



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
রেজিস্ট্রারের কার্যালয়  
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/গভ./২০২০/ ০১৬৬

তারিখ: ০১ জানুয়ারি ২০২১  
২২ জানুয়ারি ২০২১

(৬) ট্রাস্ট কর্তৃক পরিচালিত মাদরাসার বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে নিম্নে উল্লিখিত কাগজপত্রাদি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

১. মাদরাসার নিজস্ব প্যাডে আবেদন (স্মারক, তারিখ, মোবাইল নম্বর ও ইমেইল উল্লেখসহ অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক স্বাক্ষরিত);
২. বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে বিদ্যোৎসাহী প্রতিনিধির (০৩ জন) নাম, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, পেশা ও সামাজিক কর্মকান্ড প্রস্তাব করতে হবে (বিদ্যোৎসাহী হিসেবে উপজেলা/জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হলে নির্ধারিত ফরমে ০১ জন প্রস্তাব দিতে হবে);
৩. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার গভর্নিং বডির প্রস্তাবিত বিদ্যোৎসাহী প্রতিনিধির শিক্ষাগত যোগ্যতা ফাজিল/সমমান হতে হবে এবং প্রস্তাবনার প্রথম ব্যক্তির শিক্ষাগত যোগ্যতার সর্বশেষ সনদ ও জাতীয় পরিচয় পত্রের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৪. প্রস্তাবিত বিদ্যোৎসাহী প্রতিনিধিবৃন্দের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র;
৫. জ্যেষ্ঠতার ভিত্তিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পণ করা হলে দায়িত্ব অর্পণের রেজুলেশন ও সভাপতি কর্তৃক আদেশের কপি, সর্বশেষ এমপিও কপি বিশ্ববিদ্যালয়ে দাখিল করতে হবে;
৬. গভর্নিং বডির নির্বাচন: বিদ্যমান গভর্নিং বডির মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে নতুন গভর্নিং বডির নির্বাচন অনুষ্ঠিত হতে হবে;
৭. মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/উপাধ্যক্ষ/সভাপতি ও মাদরাসা সংশ্লিষ্ট কোন ব্যক্তির পক্ষে/বিপক্ষে বিচারাধীন মামলা না থাকলে মামলা ও অভিযোগ নেই মর্মে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র;
৮. মাদরাসার অধ্যক্ষ/ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/ উপাধ্যক্ষ/ সভাপতি ও মাদরাসার গভর্নিং বডির নির্বাচন সংক্রান্ত কোন ব্যক্তির পক্ষে/ বিপক্ষে বিচারাধীন মামলা থাকলে মামলা সংক্রান্ত সকল কাগজপত্র দাখিল করতে হবে;
৯. বিশ্ববিদ্যালয় কর্তৃক পূর্বের গভর্নিং বডির অনুমোদন কপি;
১০. বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ অধিভুক্তি নবায়নের কপি/অধিভুক্তি নবায়নের জন্য বিশ্ববিদ্যালয়ে দাখিলকৃত আবেদনের কপি;
১১. গভর্নিং বডি গঠনে বিলম্ব হলে তার সুনির্দিষ্ট কারণ উল্লেখসহ লিখিত ব্যাখ্যা;
১২. মাদরাসা শিক্ষা বোর্ডের বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের কপি/আবেদনের কপি দাখিল করতে হবে;
১৩. অভিভাবক প্রতিনিধি নির্বাচনের জন্য সভাপতি কর্তৃক প্রিজাইডিং অফিসার নিয়োগের কপি (প্রয়োজ্য ক্ষেত্রে);
১৪. অভিভাবক ও শিক্ষক প্রতিনিধি নির্বাচনের জন্য নির্বাচনী তফসীল;
১৫. প্রিজাইডিং অফিসার কর্তৃক অভিভাবক ও শিক্ষক প্রতিনিধি নির্বাচনের ফলাফলের স্বাক্ষরিত কপি
১৬. জয়েন্ট স্টক কোম্পানি কর্তৃক হালনাগাদ রেজিস্ট্রেশন ও নির্বাহী কমিটির কপি;
১৭. জয়েন্ট স্টক কোম্পানি/সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে ট্রাস্টের সর্বশেষ অডিট রিপোর্ট ও ব্যাংক স্টেটমেন্ট কপি;
১৮. মাদরাসাটি যে ট্রাস্টের অধীনে পরিচালিত হবে ঐ ট্রাস্ট/সংস্থার অধীন কমিটি গঠন করা যাবে মর্মে বিশ্ববিদ্যালয়ের অনুমোদনের কপি (নতুন মাদরাসার জন্য);
১৯. ট্রাস্টের সাথে মাদরাসার চুক্তিপত্র/দলিলের কপি;
২০. ট্রাস্টের গঠনতন্ত্র;
২১. বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্স অনুযায়ী কমিটি গঠন করতে হবে;
- ২২.

২২.০২.২০২১

(মোঃ রেজাউল হক)

রেজিস্ট্রার

মোবাইলঃ ০১৭০৫৪০৮০০১